

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
ডায়েরী নং ৭৩৫ তারিখ ১৫/০১/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর, ঢাকা
www.btv.gov.bd

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি	:	সোহরাব হোসেন মহাপরিচালক
তারিখ	:	১৮.০৯.২০২২ খ্রি:
সময়	:	বেলা ১০:০০ ঘটিকা
স্থান	:	সদর দপ্তর ভবনের প্রশিক্ষণ কক্ষ
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।


সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, সরকারি দপ্তরের প্রতিশ্রুত সেবা, সেবা প্রদান পদ্ধতি এবং সেবা ও পণ্যের মান সম্পর্কে নাগরিকের অসন্তুষ্টি বা সংক্ষুব্ধতা থেকে সাধারণত: অভিযোগের উৎপত্তি হয়। এ ক্ষেত্রে যুক্তিসঙ্গত বা বাস্তবানুগ হোক বা না হোক, প্রতিকার চাওয়া বা বক্তব্য প্রদানের একটি কার্যকর ক্ষেত্র বা প্ল্যাটফর্ম থাকলে তাঁদের অসন্তোষ বা ক্ষোভ প্রশমনের সুযোগ হয়। নাগরিকগণের মতামত গ্রহণ এবং অভিযোগসমূহ স্বচ্ছতা ও নিরপেক্ষতার সঙ্গে নিষ্পত্তি এবং সংরক্ষণের কার্যকর পদ্ধতি অনুসরণের জন্য বর্তমানে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ (পরিমার্জিত-২০১৮) প্রণীত হয়েছে। প্রণীত নির্দেশিকায় স্বচ্ছতা ও জবাবদিহির সঙ্গে সেবা প্রদানে সরকারি কর্মকর্তাগণকে অনুপ্রাণিত করার মাধ্যমে জনবান্ধব প্রশাসন গড়ার লক্ষ্যে বিভিন্ন দিক নির্দেশনা রয়েছে।

০২। সভাপতি আরো জানান যে, সভায় মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের দপ্তর এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর প্রথম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) অনলাইন জিআরএস-এ নাগরিকদের নিকট হতে বিটিভিতে ০২টি অভিযোগ পাওয়া যায়। প্রাপ্ত অভিযোগ সরকারি বিধি ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশনা, ২০১৫ (পরিমার্জিত-২০১৮) অনুসরণে নিষ্পত্তি করা হয়। কর্মপরিকল্পনায় বর্ণিত কার্যক্রম নিয়ে উপস্থিত বিটিভির সকল শাখা প্রধানসহ ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্রের জেনারেল ম্যানেজার, শিল্পী, ক্যাবল অপারেটর এবং জুম অ্যাপ-এ সংযুক্ত সকল উপকেন্দ্র প্রধানসহ সংশ্লিষ্ট উপকেন্দ্রের আওতাধীন ক্যাবল অপারেটরদের সাথে মতবিনিময় হয়।

০৩। অতঃপর বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- সরকারি বিধি ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুসরণ করে অভিযোগ নিষ্পত্তি করতে হবে;
- বিটিভির অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এর তথ্য ওয়েবসাইটে ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদ রাখতে হবে;
- অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; এবং
- ত্রৈমাসিকভিত্তিতে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি বিষয়ক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


সোহরাব হোসেন
মহাপরিচালক
ফোন: ৫৫১৩২২২২ (অফিস)
E-mail: dg@btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০২১.০৫.১৯৯.২২. ২২৫২/ ৭ (২)

তারিখ: ০৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। উপমহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
 ০২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
 ০৩। পরিচালক.....(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
 ০৪। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র।
 ০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
 ০৬। কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
 ০৭। অতিরিক্ত পরিচালক (প্রশাসন), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
 ০৮। সহকারী পরিচালক (প্রশাসন-১/২/৪), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
 ০৯। উপকেন্দ্র প্রধান.....(সকল), বাংলাদেশ টেলিভিশন।
 ১০। কার্যালয় নথি।

২২.০৯.২০২২
 (মো: নাজিম উদ্দিন)

সহকারী পরিচালক (প্রশাসন)

ফোন: ৫৫১৩১৯৪০ (অফিস)

১৫/৯/২২
 ২৪/৯/২২
 হুমায়ুন

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়	
সিস্টেম এনালিস্ট	<input type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা নিন
প্রোগ্রামার-১	<input type="checkbox"/> উপস্থাপন করুন
প্রোগ্রামার-২	<input type="checkbox"/> কথা বলুন
পিএ	<input type="checkbox"/> তাগিদ দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট	

২৫/৯/২২